

১২৫

স্মারক নম্বর-৩১.০০.০০০০.০৫১.৬৮.০১০.১৮-১০১

১৫ বৈশাখ ১৪২৬ বঙ্গাব্দ
তারিখ: -----
২৮ এপ্রিল ২০১৯ খ্রিস্টাব্দ

বিষয়: হাট ও বাজারের জায়গায় বহুতল বিশিষ্ট মার্কেট নির্মাণের প্রস্তাব প্রেরণের ক্ষেত্রে অনুসরণীয় বিষয়।

ভূমি-সংক্রান্ত নাগরিক সেবা আরও গতিশীল, স্বচ্ছ, দুর্নীতিমুক্ত এবং জনবান্ধবকরণের লক্ষ্যে ভূমি মন্ত্রণালয় নিরন্তর প্রয়াস চালিয়ে যাচ্ছে। ভূমি মন্ত্রণালয়ের পক্ষে জেলা ও উপজেলা প্রশাসন ব্যবস্থাপনা এবং ভূমি-সংক্রান্ত নাগরিক সেবা প্রদান করে থাকে। জনগণের পক্ষে কোন সেবা প্রাপ্তির লক্ষ্যে ভূমি মন্ত্রণালয় হতে জারিকৃত সংশ্লিষ্ট আইন, বিধি-বিধান কোন কোন ক্ষেত্রে জানা সম্ভব নহে। এ কারণে লক্ষ্য করা যাচ্ছে যে, মেট্রোপলিটন শহর, সিটি কর্পোরেশন, পৌরসভা এবং উপজেলা সদর অধিক্ষেত্রের মধ্যে অবস্থিত হাট ও বাজারের জায়গায় (পেরিফেরির মধ্যে) বহুতল বিশিষ্ট মার্কেট নির্মাণ সংক্রান্তে ভূমি মন্ত্রণালয়ে প্রেরিত প্রস্তাবের সাথে সংশ্লিষ্ট আইন ও বিধিমালা অনুযায়ী অত্যাবশ্যকীয় কাগজপত্রাদি এবং তথ্য থাকে না। এ রকম অসম্পূর্ণ ও অপরিপূর্ণ তথ্যসহ প্রস্তাব বিবেচনা করার সুযোগ নেই। ফলে, অনেক ক্ষেত্রে একাধিকবার তথ্য চাওয়ার প্রয়োজন হয়। এতে দ্রুত সেবা প্রদান বিলম্বিত হয়, যা মোটেই কাম্য নয়।

২। উপর্যুক্ত প্রেক্ষাপটে, নিম্নবর্ণিত চেকলিস্ট অনুসরণপূর্বক মেট্রোপলিটন শহর, সিটি কর্পোরেশন, পৌরসভা এবং উপজেলা সদর অধিক্ষেত্রের মধ্যে অবস্থিত হাট ও বাজারের জায়গায় বহুতল বিশিষ্ট মার্কেট নির্মাণের প্রস্তাব প্রেরণের জন্য অনুরোধ করা হ'ল:

বিভাগীয় কমিশনার এবং জেলা প্রশাসক কর্তৃক স্বাক্ষরিত আদেশনামা (কেসনথিসহ);
বহুতল মার্কেট ভবন নির্মাণ প্রসঙ্গে অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) এর সভাপতিত্বে বিদ্যমান কমিটির সভার কার্যবিবরণী;
অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) কর্তৃক সরেজমিন তদন্ত প্রতিবেদন;
প্রস্তাবিত জমির দাগ ও খতিয়ান;
সংশ্লিষ্ট উপজেলার নির্বাহী অফিসার এবং সহকারী কমিশনার (ভূমি) এর মতামতসহ প্রতিবেদন;
প্রস্তাবিত বহুতল মার্কেট নির্মাণের জন্য কালেক্টর বরাবর আবেদন পত্র;
উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত সংশ্লিষ্ট সকলের স্বাক্ষর ও সীল সম্বলিত প্রস্তাবিত বহুতল বিশিষ্ট ভবনের নকসা ও লে-আউট প্ল্যান;
বহুতল মার্কেট নির্মাণের ক্ষেত্রে ভবনের মালিকানা-সংক্রান্তে মার্কেট নির্মাণকারী কর্তৃপক্ষের সাথে সংশ্লিষ্ট জেলা প্রশাসক এর সম্পাদিত চুক্তিনামা;
মার্কেট নির্মাণের অর্থায়নের উৎস সংক্রান্ত বিবরণ;
বহুতল ভবন নির্মাণ সংক্রান্ত আয় ব্যয় বিবরণী;
মার্কেটের ব্যবসায়ী ও জনসাধারণের সুবিধার্থে পানীয় জলের ব্যবস্থাসহ গণশৌচাগার সংক্রান্ত পরিকল্পনা;
মার্কেট নির্মাণের জন্য অর্থের সংস্থানের স্বপক্ষে দালিলিক প্রমাণ এবং উক্ত বাজারের আয় হতে ৭-ভূমি রাজস্ব খাতে এ পর্যন্ত জমাকৃত অর্থের বিবরণ (প্রমাণকসহ);
হাটের কোন জায়গার উপর প্রস্তাবিত কিচেন মার্কেট নির্মাণ করা হবে এবং হাট ও বাজারের অনুমোদিত পেরিফেরি নক্সা; প্রস্তাবিত ভবনের স্থানে বর্তমানে একসনা লীজ প্রাপ্ত ব্যবসায়ীগণকে নতুনভাবে লীজ গ্রহীতাদের সাথে তালিকাভুক্ত করা হয়েছে কিনা; হয়ে থাকলে নতুন ও পুরাতন লীজ প্রাপ্তদের তালিকা;
ভবন নির্মাণ করা হলে দোকান ঘর কিভাবে বরাদ্দ করা হবে এবং দোকান লীজ গ্রহীতাদের সম্ভাব্য তালিকা;
লোকেশন ম্যাপ;
মার্কেটের বিভিন্ন অংশের অবস্থান ভিন্ন ভিন্ন কালিতে চিহ্নিত করে সংশ্লিষ্ট সকলের স্বাক্ষর ও সীল সম্বলিত স্কেচ ম্যাপ ০৪ (চার) কপি;

১২/৫

(মোঃ তাজুল ইসলাম মিয়া)
উপসচিব

জেলা প্রশাসক
------(সকল)

(অপর পৃষ্ঠায় দৃষ্টব্য)